মেহেরপুরে ২৪ তম জাতীয় প্রতিবন্ধী দিবস পালিত

৩১ তম আন্তর্জাতিক প্রতিবন্ধী দিবস ও ২৪ তম জাতীয় প্রতিবন্ধী দিবস উপলক্ষে মেহেরপুরে আলোচনা সভা, প্রতিবন্ধীদের মাঝে হুইলচেয়ার, সেলাই মেশিন ও চেক বিতরণ করা হয়েছে।

আজ শনিবার (৩ ডিসেম্বর) বেলা ১১ টার দিকে মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমী মিলনায়তনে প্রতিবন্ধী দিবস উপলক্ষে আয়োজিত আলোচনা সভায় সভাপতিত্বে করেন স্থানীয় সরকার বিভাগের উপ-পরিচালক মৃধা মোহাম্মদ মোজাহিদুল ইসলাম।

প্রতিবন্ধী দিবসের অনুষ্ঠানে (ভার্চ্যুয়ালী) প্রধান অতিথির বক্তব্য রাখেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি। মেহেরপুর জেলা প্রশাসন ও জেলা সমাজসেবা অধিদপ্তরের উদ্যোগে আয়োজিত অনুষ্ঠানে

বিশেষ অতিথির বক্তব্য রাখেন মেহেরপুর অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন) জামিরুল ইসলাম, মেহেরপুর জেলা সমাজসেবা অধিদপ্তরের উপ-পরিচালক কাজী কাদের মোঃ ফজলে রাব্বি, মেহেরপুর সদর উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ অলোক কুমার দাস, মেহেরপুর জেলা বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদের সভাপতি প্রফেসর হাসানুজ্জামান মালেক, মেহেরপুর জেলা পরিষদের সদস্য শামীম আরা হীরা প্রমূখ।

এছাড়া বক্তব্য রাখেন, মুজিবনগর উপজেলা সমাজ সেবা অফিসার আব্দুর রব, মেহেরপুর প্রতিবন্ধী স্কুলের শিক্ষক রুপালি খাতুন, এসকেএফ অটিষ্টিক্ট ও প্রতিবন্ধী বিদ্যালয়ের সভাপতি ফয়েজ উদ্দীন আহম্মেদ, প্রতিবন্ধী মো: টনি, মো: রাতুল, হাসান। এছাড়া অভিভাবকদের মধ্যে বক্তব্য রাখেন নাইমা ফারহানা।

আলোচনা শেষে ৩১ তম আন্তর্জাতিক প্রতিবন্ধী দিবস ও ২৪ তম জাতীয় প্রতিবন্ধী দিবস উপলক্ষে মেহেরপুর প্রদিবন্ধীদের মাঝে ৭ টি হুইল চেয়ার, ৩০ টি সেলাই মেশিন,,৩ টি হেয়ারিং এইড এবং ২ লক্ষ টাকা ঋণের চেক বিতরণ করা হয়।

মেহেরপুর সীমান্তে ৮ কেজি গাঁজাসহ একজন আটক

৪৭ বর্ডারগার্ড বাংলাদেশ (বিজিবি) মাদক ও চোরাচালান বিরোধী অভিযানে ৮ কেজি গাঁজা ও দেশীয় তৈরী হাসুয়াসহ মোঃ সাইদার আল সোনা (৬৫) নামের এক মাদক কারবারীকে আটক হয়েছে।

আটক সাইদার আল সোনা গাংনী উপজেলার রামকৃষ্ণপুর ধলা গ্রামের মৃত শামস উদ্দীনের ছেলে।

গতকাল শুক্রবার (২ ডিসেম্বর) দিবাগত রাত ১১ টার দিকে রংমহল বিওপি’র আন্তর্জাতিক সীমান্ত পিলার ১৩৬/১-এস ধলার মাঠে অভিযান চালিয়ে তাকে আটক করা হয়।

কুষ্টিয়া ব্যাটালিয়নের গাংনী উপজেলার রংমহল বিওপি’র কমান্ডার হাবিলদার মোঃ ফজলার রহমানের নেতৃত্বে মাদক ও চোরাচালান বিরোধী অভিযান চালিয়ে তাকে আটক করা হয়েছে। এসময় তার কাছ থেকে ৮ কেজি গাঁজা, একটি দেশীয় তৈরী হাসুয়া, একটি মোবাইল ফোন জব্দ করা হয়।

এঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে গাংনী থানায় একটি মামলা দিয়ে তাকে হস্তান্তর করা হয়েছে।

মেহেরপুরে জাপার ৫১ সদস্য বিশিষ্ট আহবায়ক কমিটির অনুমোদন

মেহেরপুর জেলা জাতীয় পার্টির ৫১ সদস্য বিশিষ্ট আহবায়ক কমিটির অনুমোদন দিয়েছেন জাতীয় পার্টি (এরশাদ) এর প্রধান পৃষ্টপোষক

জাতীয় সংসদ সদের বিরোধী দলীয় নেতা বেগম রওশন এরশাদ।

কেন্দ্রীয় জাতীয় পার্টির সদস্য মোসলেম আলীকে আহবায়ক ও মো: আব্দুর রাজ্জাককে সদস্য সচীব করে ৫১ সদস্য বিশিষ্ট এই কমিটি গত ২৮/১১/২০২২ তারিখে অনুমোদন দেন।

কমিটির যুগ্ম আহবায়ক করা হয়েছে যথাক্রমে মো: আমিরুল ইসলাম, মো: সোহরাব হোসেন ও মো: নজরুল ইসলাম।

মেহেরপুর জেলা জাতীয় পার্টির আহবায়ক মোসলেম আলী বলেন, এখন থেকে জাতীয় পার্টির আর দায়ীত্ব পালন করতে পারবেন না জিএম কাদের। বেগম রওন এরশাদের সালাম নিন জাতীয় পার্টিতে যোগ দিন এই শ্লোগান নিয়ে জাতীয় পার্টি আবার নতুন করে দেশব্যাপি এগিয়ে যাচ্ছে। আমাদের নেতা বেগম রওশন এরশাদ ৫ মাস ব্যাংককে চিকিৎসা শেষে গত ২৭ নভেম্বর দেশে ফিরে জাতীয় পার্টিকে পূণর্গঠনের কাজে হাত দেন। সেই লক্ষ নিয়ে তিনি দেশ ব্যাপি দল গোছানোর কাজ করছেন। সেই অংশ হিসেবে মেহেরপুর জেলা জাপাকেও পুনর্গঠণ করে সকল ভেদাভেদ ভুলে এক সাথে কাজ করার আহবান জানিয়েছেন তিনি।

মোসলেম আলী বলেন, আমাদের নেতা মরহুম নেতা আলহাজ্ব হুসেইন মুহাম্মদ এরশাদের স্বপ্ন প্রাদেশিক সরকার গঠণ করার জন্য আগামী দিনে জাতীয় পার্টিকে সরকার গঠণে সহায়তা করবে।

দর্শনায় ফেনসিডিলসহ দক্ষিণচাঁদপুরের জনি আটক

দর্শনায় মাদক বিরোধী অভিযান চালিয়ে ৩৬বোতল ভারতীয় ফেনসিডিলসহ মাদক ব্যাবসায়ী জনি (৩৩) কে আটক করেছে দর্শনা থানা পুলিশ।সে দর্শনা পৌরসভার দক্ষিণচাঁদপুর গ্রামের ওহাব মিয়ার ছেলে।

জানা গেছে গতকাল শুক্রবার সকাল ১০ টার দিকে দর্শনা থানা পুলিশ অভিযন চালায় বেগমপুর ইউনিয়নের আকন্দবাড়িয়া ফার্ম পাড়ার সামনে পাঁকা রাস্তার উপর।দর্শনা থানার অফিসার ইনচার্জ এ এইচ এম লুৎফুল

কবিরের নেতৃত্বে, দর্শনা থানার এস আই নীতিশ বিশ্বাস, এ এস আই তুহিন, এ এস আই হাফিজুর রহমান, গোপন সংবাদের ভিত্তিতে সঙ্গীয় ফোর্সসহ অভিযান চালায় আকন্দবাড়িয়া ফার্ম পাড়ায়।

এ সময় পুলিশ ৩৬বোতল ভারতীয় ফেনসিডিলসহ দক্ষিণচাঁদপুর গ্রামের জনি কে গ্রেফতার করে ।গতকালই তাকে মাদক আইনে মামলাসহ চুয়াডাঙ্গা কোর্ট হাজতে প্রেরন করেছে।

রাস্তা হলো উন্নয়নের প্রতীক — জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন

জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি বলেন, রাস্তা হলো উন্নয়নের প্রতীক। যে এলাকার যত রাস্তা হবে, যোগাযোগ যত উন্নত হবে, সেই এলাকা তত উন্নত হবে। উপজেলা থেকে উপজেলা পর্যন্ত সড়ক নির্মাণ ও মেরামতের ফলে গ্রামাঞ্চলের মানুষের জীবন মান বৃদ্ধি পাচ্ছে। আমাদের দৈনিন্দিন কাজগুলোকে সহজ করতে পারছি। রাস্তা ঘাটের উন্নয়নের ফলে যোগাযোগ ও আইনশৃংখলার ব্যাপারে নিরাপদ এলাকা হিসেবেও প্রতিষ্ঠিত করতে পারছি।

শুক্রবার দুপুর ১২ টার দিকে মেহেরপুর কলেজ মোড়ে আয়োজিত “৬৪৩ কোটি টাকা ব্যায়ে কুষ্টিয়া ত্রিমোহনী থেকে মেহেরপুর পর্যন্ত রাস্তাটির যথাযথ মান ও প্রশস্ততায় উন্নতিকরণ” শীর্ষক প্রকল্পের নির্মাণ কাজের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন তিনি।

এর আগে জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন মেহেরপুর
কলেজমোড়ে নামফলক উন্মোচন করে নির্মাণ কাজের উদ্বোধন করেন। প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন আরও বলেন, ২০১৪ সালের পর থেকে মেহেরপুর সদর ও মুজিবনগর উপজেলায় স্থানীয় সরকার মন্ত্রণালয়ের মাধ্যমে ৪৩৮ কোটি ৪ লাখ টাকা ব্যায়ে ইউনিয়ন ও গ্রামের বিভিন্ন রাস্তা নির্মাণ ও মেরামত করা হয়েছে। এখন কৃষকদের সরাসরি উপকার

করার জন্য মাঠের রাস্তাগুলোর কাজ করা হচ্ছে। রাস্তার উন্নয়ন হলে কৃষকরা তাদের ফসল দ্রুত বিক্রি করতে পারেন এবং ন্যায্যমূল্যে পাচ্ছেন। রাস্তা ঘাট ভাল হওয়ার ফলে কৃষকদের জমির দামও বেড়েছে।

তিনি বলেন, মুজিবনগর ঘীরে অনেক পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। মেহেরপুর এখন বাংলাদেশের উন্নয়নের রোল মডেল। এই জেলাকে সাজাতে অনেক বড় পরিকল্পনা হাতে নেওয়া হয়েছে। জেলার রাস্তা ঘাট, স্কুল কলেজ, নাদী নালা ও ভৌত অবকাঠামোর উন্নয়নের কারণে মেহেরপুর জেলা এখন অর্থনৈতিকভাবে সামনের দিকে এগিয়ে যাচ্ছি।

প্রতিমন্ত্রী বলেন, জামায়াত বিএনপি’র জোট সরকারের আমল ২০০১ থেকে ২০০৬ সাল পর্যন্ত অন্ধকার যুগে মানুষ সন্ধ্যার পর বাইরে বের হতে পারতো না। আতংকের মধ্যে থাকতো। মানুষ গ্রামে থাকতে চাইতো না। অথচ, এখন মানুষ গ্রামেই ফিরে গিয়ে বাড়ি তৈরী করছেন। কারণ, এখন গ্রাম আর সেই গ্রাম নয়, গ্রাম এখন শহরে পরিণত হয়েছে। গ্রামগুলো এখন দৃষ্টিনন্দন প্রাকৃতিক দৃশ্যের ছবির মত। কৃষকরা ঘরের দরজা খোলা রেখে ঘুমাতে পারছেন। মাঠের মেসিন আর গোয়ালের গরু চুরি হচ্ছেনা। এখন মানুষ চরম নিরাপত্তার মধ্যে আছেন।

দেশের অগ্রযাত্রা ও উন্নয়নকে সবার মাঝে ছড়িয়ে দেওয়ার আহবান জানিয়ে ফরহাদ হোসেন বলেন, যারা ইতোপূর্বে ব্যর্থ হয়েছে, খুন খারাপি, জঙ্গিবাদ, চুরি ডাকাতি করেছে। সেই বিএনপি এখন আন্দোলনের হুমকী দিচ্ছে। মানুষ তাদের সেই আন্দোলন সংগ্রামের ডাকে সাড়া দেবেনা। ১৪ সালে তারা যেভাবে পেট্টোল বোমা মেরেছে, তাতে শুধু আওয়ামী লীগের লোক নয়, বিএনপির লোকও পেট্টোল বোমায় ঝলসে গেছেন, মারা গেছেন। তারা আবার সন্ত্রাসীদের নিয়ে হুমকী দিচ্ছেন। জঙ্গিদের নিয়েই বিএনপি জামায়াতের চলাফেরা। বিএনপি জামায়াত যাতে এই উন্নয়ন ও শান্তি বিঘ্নিত করতে না পারে সেব্যাপারে সবাইকে সতর্ক থাকার আহবান জানান।

সড়ক ও জনপদ বিভাগ কুষ্টিয়া সড়ক সার্কেলের তত্ত্বাবধায়ক প্রকৌশলী আবু হানা মোস্তফা কামালের সভাপতিত্বে বিশেষ অতিথির বক্তব্য দেন মেহেরপুর-২ আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন, সড়ক ও জনপদ বিভাগ খুলনার অতিরিক্ত প্রধান প্রকৌশলী সৈয়দ আসলাম আলী, মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক, মেহেরপুর জেলা পরিষদের চেয়ারম্যান আব্দুস সালাম, মেহেরপুর পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন, গাংনী পৌর মেয়র আহম্মেদ আলী।

[redacted]

[redacted]

ছন্দা নামের এক নারীসহ পিতা পুত্রকে আটকের পর ছন্দা ম্যাজিস্ট্রেটের কাছে ১৬৪ ধারায় দেওয়া জবান বন্দীতে এসব কথা স্বীকার করেছেন। এরপর পিতা-পুত্রসহ ওই নারীকে কোর্টে চালান দেন।

এদিকে হোটেলের আরেক নারী নাজনীন খান প্রিয়াকে আটক করে জেল হাজতে প্রেরণ করেছে পুলিশ। নাজনীন খান প্রিয়াকে ১ দিনের রিমান্ড মঞ্জুর করেছে আদালত। যে কোনো সময় জিজ্ঞাসাবাদের জন্য নেওয়া হবে থানায়।

উল্লেখ্য, গত বুধবার (৩০ নভেম্বর) ভোররাতের দিকে পুলিশ অভিযান চালিয়ে হোটেলের মালিক মতিয়ার রহমান, তার ছেলে মামুন ও ছন্দাকে পুলিশ আটক করে।

সভাপতি তৌহিদ উদ দৌলা রেজা, সম্পাদক মাহাবুব আলম

মেহেরপুরের গাংনী প্রেসক্লাবের দ্বিবার্ষিক নির্বাচন ২০২২ সম্পন্ন হয়েছে। এতে বিজয় টিভি ও দৈনিক সময়ের আলো পত্রিকার জেলা প্রতিনিধি তৌহিদ উদ দৌলা রেজা সভাপতি ও মাইটিভি ও বণিক বার্তার জেলা প্রতিনিধি মাহাবুব আলম সাধারণ সম্পাদক হিসেবে নির্বাচিত হয়েছেন। আজ বৃহষ্পতিবার এ নির্বাচন সম্পন্ন হয়েছে।

প্রেসক্লাবের নির্বাচনের ফলাফল ঘোষণা করেন নির্বাচন পরিচালনা কমিটির সভাপতি আল আমিন হোসেন। নির্বাচন পরিচালনা কমিটির সদস্য আরটিভি প্রতিনিধি মাজেদুল হক মানিকের সঞ্চালনায় উপস্থিত ছিলেন, উপজেলা সহকারি কমিশনার(ভুমি) নাদির হোসেন শামীম, গাংনী থানার অফিসার ইনচার্জ আব্দুর রাজ্জাক, উপজেলা পরিষদের সাবেক চেয়ারম্যান অ্যাডভোকেট শফিকুল আলম, নির্বাচন পরিচালনা কমিটির সদস্য সচিব রফিকুল আলম।

নির্বাচনে প্রেসক্লাবে ৯ সদস্য বিশিষ্ট কার্যকরি কমিটির নাম ঘোষণা করা হয়। অন্যান্য সদস্যরা হচ্ছেন- সহ-সভাপতি মজনুর রহমান আকাশ, যুগ্ম সম্পাদক জুরাইস ইসলাম, কোষাধ্যক্ষ তাহেরুল ইসলাম তপন, সাংগঠনিক সম্পাদক মিজানুর রহমান, দপ্তর সম্পাদক জিনারুল

ইসলাম দিপু, নির্বাহী সদস্য নুহু বাঙ্গালী ও হাবিবুর রহমান। নির্বাচনে বিজয়ীদের শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছেন জেলা উপজেলা বিভিন্ন শ্রেনী পেশার মানুষ।

নির্বাচনী ফলাফল ঘোষণার পর সংক্ষিপ্ত আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আলোচনায় উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক ও দৈনিক মেহেরপুর প্রতিদিন পত্রিকার ব্যবস্থাপনা সম্পাদক মাহাবুব চান্দু, মেহেরপুর প্রেসক্লাবের সভাপতি ফারুক হোসেন,সাধারণ সম্পাদক ফজলুল হক মন্টু, দৈনিক মেহেরপুর প্রতিদিন পত্রিকার সম্পাদক ইয়াদুল মোমিন, বার্তা সম্পাদক জুলফিকার আলী কানন, জেলা প্রেসক্লাবের যুগ্ম সম্পাদক আকতারুজ্জামান প্রমুখ।

এসএসসিতে কোটচাঁদপুর উপজেলার প্রথম মিলা

এসএসসিতে উপজেলার প্রথম হয়েছেন কানিজ ফাতিমা (মিলা)। সে কোটচাঁদপুর বালিকা বিদ্যালয়ের ছাত্রী। ফাতিমা পড়া-লেখা করে ডাক্তার হতে চান। সমাজের হতদরিদ্র মানুষের পাশে থেকে কাজ করার ও আশা প্রকাশ করেন তিনি।

জানা যায়,এ বছর কোটচাঁদপুর উপজেলার ৩১ টি প্রতিষ্ঠান থেকে ৩০৮৫ জন ছাত্র /ছাত্রী এসএসসি পরীক্ষায় অংশ গ্রহন করেন। এরমধ্যে ১৮৫৯ জন উর্ত্তীন হন। এ প্লাস পেয়েছেন ১৯২ জন। কানিজ ফাতিমা মিলা তাদেরই একজন। সে ১১০৭ নাম্বার পেয়ে কোটচাঁদপুর উপজেলার প্রথম স্থান অর্জন করেছেন।

মিলার পড়া-লেখার হাতে খড়ি কোটচাঁদপুরের ডেফোডিল প্রিক্যাডেট স্কুলে। সে ৫ ম ও ৮ ম শ্রেনীতে ট্র্যালেন্টপুলে বৃত্তি পান বলে জানা গেছে। সে উপজেলার হরিণদীয়া গ্রামের রফিকুল ইসলাম মুঙ্গলা ও মোছাঃ কল্পনা খাতুনের মেয়ে।

কানিজ ফাতিমা বলেন,আমি পড়া-লেখা করে ডাক্তার হতে চাই। কাজ করতে চাই দরিদ্র ও হতদরিদ্র মানুষের পাশে থেকে।

এমন ফলাফলের পেছনে কার বেশি অবদান রয়েছে, এমন প্রশ্নে মিলা বলেন,প্রথম দাবিদার আমার মা-বাবা। এরপর বিদ্যালয়ের শিক্ষকগণ।

দামুড়হুদায় পাখিভ্যান মটরসাইকেল মুখোমুখি সংঘর্ষে নিহত ১ আহত ৩

দামুড়হুদায় পাখিভ্যান মটরসাইকেল মুখোমুখি সংঘর্ষে ১জন নিহত হয়েছে আহত হয়েছে আরো ৩জন। বৃহস্পতিবার সকাল ১০ টার দিকে দামুড়হুদা উপজেলার লোকনাথপুর ফায়ার সার্ভিসের সন্নিকটে মোটরসাইকেল ও পাখিভ্যানের মখোমুখি সংঘর্ষে পাখিভ্যান যাত্রী নুরজাহান বেগম নিহত হয়।

এসময় পাখিভ্যান চালক বাবলু (৫০) যাত্রী জামেনা খাতুন (৬৫) ও গঞ্জনা বেগম (৮০) নামে ৩ জন মারাত্বক ভাবে আহত হয়েছে। এদের মধ্যে পাখিভ্যান চালক বাবলুর অবস্থা আশংঙ্খা জনক।

নিহত নুরজাহান বেগম চুয়াডাঙ্গা সদর উপজেলার দর্শনা থানার আকুন্দবাড়িয়া তামাল তলা গ্রামের বীর মুক্তিযোদ্ধা মৃত.দাউদ আলীর স্ত্রী। আহত হয়েছে একই গ্রামের মৃত ফয়েজ উদ্দিন মন্ডলের ছেলে পাখিভ্যান চালক বাবলু, মৃত শমসের মন্ডলের স্ত্রী জামেনা খাতুন ও মৃত ইসমাইল হোসেনের স্ত্রী গঞ্জনা বেগম ।

নিহতের পরিবার সূত্রে জানা যায় মুক্তিযোদ্ধার ভাতার টাকা তুলার জন্য পাখি ভ্যান যোগে চুয়াডাঙ্গায় আসার পথে দামুড়হুদা থানাধীন লোকনাথপুর ফায়ার সার্ভিসের সামনে পৌঁছালে বিপরীত দিক থেকে আসা অজ্ঞাতনামা মোটরসাইকেলের সঙ্গে মুখোমুখি সংঘর্ষ হয়। এতে পাখি ভ্যানে থাকা উক্ত ব্যক্তিরা পাখি ভ্যান থেকে পাকা রাস্তার উপর সিটকে পড়ে যায়। স্থানীয় লোকজন তাৎক্ষণিক উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে জরুরী বিভাগে নিয়ে যায়। জরুরী বিভাগের কর্তব্যরত ডাক্তার, আফরিন ইসলাম পরীক্ষা নিরীক্ষা শেষে নুরজাহান বেগমকে মৃত্যু ঘোষণা করেন।

এবং বাকি তিনজনকে প্রাথমিক চিকিৎসা দিয়ে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি করে রাখেন। মৃত নুরজাহানের লাশ চুয়াডাঙ্গা সদর হাসপাতালের মর্গে আছে।

চুয়াডাঙ্গা সদর হাসপাতালে জরুরী বিভাগে কর্তব্যরত আবাসিক মেডিকেল অফিসার জ্যোতি জানান, হাসপাতালে আসার আগেই নুরজাহান বেগম মারা যায়। আহত তিন জনকে প্রাথমিক চিকিৎসা দিয়ে হাসপাতালে ভর্তি আছে।

চুয়াডাঙ্গা সদর থানার অফিসার ইনচার্জ (ওসি) মাহবুবুর রহমান কাজল ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, নিহতদের পরিবারের পক্ষ থেকে কোন অভিযোগ না করায় লাশের ময়না তদন্ত না করে পরিবারের কাছে হস্থান্তর করা হয়েছে।

আলমডাঙ্গার কাটাভাঙা মাধ্যমিক বিদ্যালয়ে বার্ষিক পরিক্ষার টাকা চুরি

আলমডাঙ্গার কাটাভাঙা মাধ্যমিক বিদ্যালয়ে বার্ষিক পরিক্ষার প্রায় ৪০ হাজার টাকা রহস্যজনক চুরির ঘটনা ঘটেছে। বুধবার দিবাগত রাত ২ টার দিকে স্কুলের তালা ভেঙে লকারে থাকা নগত ৪০ হাজার টাকা চুরি করে নিয়ে যায়। এ ঘটনায় আলমডাঙ্গা থানা পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করেছে। তবে, স্কুল কক্ষে ল্যাপটপ রেখে টাকা চুরির ঘটনায় রহস্যজনক ঘটনায় এলাকাজুড়ে চাঞ্চল্যকর সৃষ্টি হয়েছে।

স্থানীয় সূত্র জানায়, আলমডাঙ্গা উপজেলার বাড়াদী ইউনিয়নের ঐতিহ্যবাহি স্কুল কাঁটাভাঙা মাধ্যমিক বিদ্যালয়। গত ২৮ বছর যাবৎ নাইট গার্ডের চাকুরি করছেন একই এলাকার আব্দুল ওহাব। চলতি বছরের স্কুলে বার্ষিক পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে। পরীক্ষার ফ্রি,র টাকা সহকারী শিক্ষক স্কুলের লকারে রেখে যায়।

এদিকে প্রতিদিনের ন্যায় শারীরিক অসুস্থতার জন্য রাত ১ টার দিকে বাড়িতে চলে যায় নাইট গার্ড আব্দুল ওহাব। রাতে বাড়িতে ঘুমিয়ে পড়ে।

সকালে স্কুলে ফিরে দেখে স্কুলের অফিস ও শিক্ষক মিলাতায়ন রুমের তালা ভাঙা। ওই রুমে গোপন জায়গায় সহকারী শিক্ষকের স্কুল বার্ষিক পরিক্ষার ৪০ হাজার টাকা চুরি হয়েছে বলে জানাযায়।

এ চুরির ঘটনায় নাইট গার্ড আব্দুল ওহাব জানান, গত ২৮ বছরে এই প্রতিষ্ঠান থেকে একটি গাছের পাতাও চুরি হয়নি। তবে, স্কুলের ওই রুমে কয়েকটা ল্যাপটপ ছিলো স্ব স্থানেই। ল্যাপটপ গুলো চুরি হয়নি। কিন্তু সহকারী শিক্ষকের গোপনীয় টাকা চুরির ঘটনাটি খুবই রহস্যময়।

কাটাভাঙা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মাসুদুল হক মান্নান জানান, সকালে খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছে স্কুলের রুমের ও লকারের তালাভাঙ্গা দেখতে পায়। লকারে থাকা প্রায় ৪০ হাজার টাকা চুরি করে নিয়ে গেছে।

এ ঘটনায় আলমডাঙ্গা থানায় লিখিত অভিযোগ করা হয়েছে ।